সিনিয়র সিস্টেম এনালিষ্ট
সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
নথি
ডায়েরি নং.....................
তারিখ 20/06/22

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস ও এপিএ শাখা
www.rthd.gov.bd

**এপিএ ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা'র কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ বি এম আমিন উল্লাহ নুরী<br>সচিব<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| স্থান | : | সভাকক্ষ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ০৮.০৬.২০২২ খ্রিষ্টাব্দ |
| সময় | : | দুপুর ০২.৩০ টা |
| উপস্থিতি | : | **পরিশিষ্ট 'ক'** |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। প্রারম্ভিক বক্তব্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০২১-২২ অর্থবছরের অবশিষ্ট দিনগুলোতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে সর্বোচ্চ আন্তরিকতা নিয়ে কাজ করে যাবার জন্য সভাপতি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (অডিট) সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে এজেন্ডাভিত্তিক আলোচনা শুরু করেন।

১. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর অগ্রগতি পর্যালোচনাঃ

**কৌশলগত উদ্দেশ্যসমূহ**

**সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার নামঃ সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ)**

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | সূচকের মান | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | মে,২০২২ পর্যন্ত অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ২০২০-২১ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| [১.১] জাতীয় মহাসড়ক ৪+ লেনে উন্নীতকরণ | [১.১.৪] চট্টগ্রাম-রাঙ্গামাটি জাতীয় মহাসড়কের হাটহাজারি হতে রাউজান সড়কাংশ ৪-লেনে উন্নীত | ক্রমপুঞ্জিভূত | শতাংশ | ১ | ৫০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৭৩.০০ | |
| | [১.১.৫] সাপোর্ট টু ঢাকা (কাঁচপুর)- সিলেট-তামাবিল মহাসড়ক চার লেনে উন্নীতকরণ এবং উভয় পার্শ্বে পৃথক সার্ভিস লেন নির্মাণ প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণের জন্য অর্থ প্রদানকৃত | ক্রমপুঞ্জিভূত | শতাংশ | ১ | ২৫ | ৫০ | ৪৮ | ৪৬ | ৪৫ | ৪৪ | ৪৬.৬০ | |

**আলোচনা:** উল্লিখিত সূচকগুলোতে তুলনামূলক অগ্রগতি কম হবার কারণ জানতে চাইলে এপিএ টিম লিডার, সওজ অধিদপ্তর বলেন, উক্ত প্রকল্পগুলোর ভূমি অধিগ্রহণের জন্য বরাদ্দকৃত অর্থ পর্যায়ক্রমে ক্ষতিগ্রস্তদের প্রদান করা হচ্ছে। এছাড়া প্রায় ১৪০০ কোটি টাকা উপযোজনের একটি প্রস্তাব অর্থ বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে। উপযোজনের মাধ্যমে অর্থ ছাড় হলেই সংশ্লিষ্ট অধিগ্রহণের অর্থ ছাড়করণের মাধ্যমে উক্ত সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।

**সিদ্ধান্ত-১:** অর্থ বিভাগ এর সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে বরাদ্দের বাকি অর্থ ছাড় করে এ সূচকে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নকারী:** প্রধান প্রকৌশলী/এপিএ টিম লিডার/ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ অধিদপ্তর।

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [১.২] মহাসড়ক নির্মাণ/পুনঃনির্মাণ | [১.২.১] পুনঃনির্মিত মহাসড়ক | সমষ্টি | কিমি | ২ | ২৮০ | ২৫০ | ২৩০ | ২২০ | ২১০ | ২০০ | ২২৮.২৮ | |
| [১.৩] মহাসড়ক মজবুতিকরণ | [১.৩.১] মজবুতিকরণকৃত মহাসড়ক | সমষ্টি | কিমি | ২ | ৯৮০ | ৭৭০ | ৭৫০ | ৭৩০ | ৭১০ | ৭০০ | ৬৭৩.৯২ | |
| [১.৪] মহাসড়ক | [১.৪.১] প্রশস্তকরণকৃত | সমষ্টি | কিমি | ২ | ৮০০ | ৭৫০ | ৭৩০ | ৭২০ | ৭১০ | ৭০০ | ৬৭৯.২৩ | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | সূচকের মান | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | মে,২০২২ পর্যন্ত অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ২০২০-২১ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| প্রশস্তকরণ | মহাসড়ক | | | | | | | | | | | |
| [১.৫] মহাসড়ক সার্ফেসিং | [১.৫.১] সার্ফেসিংকৃত মহাসড়ক | সমষ্টি | কিমি | ২ | ২৬০০ | ২০৫০ | ১৯৫০ | ১৯০০ | ১৮৫০ | ১৮০০ | ১৬৭৫.০৪ | |

**আলোচনা:** উল্লিখিত সূচকসমূহের অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে এখনো পিছিয়ে থাকার বিষয়ে জানতে চাওয়া হলে এপিএ টিম লিডার, সওজ অধিদপ্তর বলেন, উক্ত সূচকসমূহে অগ্রগতি সন্তোষজনকভাবে চলমান রয়েছে। সকল সড়ক জোনের তথ্য এখনো না পাওয়া যাওয়ায় লক্ষ্যমাত্রা অর্জনে কিছুটা পিছিয়ে রয়েছে মর্মে প্রতীয়মান হলেও ৩০ জুন, ২০২২ নাগাদ পূর্বেই অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

**সিদ্ধান্ত-২:** এসকল সূচকে সংশ্লিষ্ট সকলকে অধিকতর আন্তরিকতার সাথে কাজ করে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নকারী:** প্রধান প্রকৌশলী/এপিএ টিম লিডার/ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ অধিদপ্তর।

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [১.৭] জাতীয় গুরুত্বপূর্ণ সেতু/ ফ্লাইওভার নির্মাণ | [১.৭.৪] ক্রস বর্ডার প্রকল্পের আওতায় বাস্তবায়িত কালনা সেতু | ক্রমপুঞ্জিভূত | শতাংশ | ১ | ৫০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৮৭.০০ | |

**আলোচনা:** উল্লিখিত সূচকে অগ্রগতি তুলনামূলক কম হওয়ার কারণ জানতে চাইলে এপিএ টিম লিডার, সওজ অধিদপ্তর বলেন, ২০২২ সালের ফেব্রুয়ারি ও মার্চ মাসে পর্যাপ্ত পাথর সরবরাহ না থাকায় প্রকল্প সংশ্লিষ্ট কাজের গতি কিছুটা শ্লথ ছিল। বর্তমানে পাথর সঙ্কট না থাকায় এ প্রকল্পের কাজ সন্তোষজনকভাবে চলমান রয়েছে। ৩০ জুন নাগাদ অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

**সিদ্ধান্ত-৩:** এ বিভাগের উন্নয়ন কার্যক্রম পরিদর্শনের জন্য গঠিত ১৫ নং মনিটরিং টিম (গোপালগঞ্জ জোন) কর্তৃক এ প্রকল্পের সার্বিক অগ্রগতি নিবিড়ভাবে তদারকি করতে হবে এবং প্রকল্প সংশ্লিষ্টদের সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রেখে এ সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নকারী:** প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/যুগ্মসচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/প্রকল্প পরিচালক, ক্রস বর্ডার প্রকল্পের আওতায় বাস্তবায়িত কালনা সেতু, সওজ অধিদপ্তর।

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [১.৮ ] সেতু ও কালভার্ট নির্মাণ/ পুনঃনির্মাণ | [১.৮.১] নির্মিত সেতু ও কালভার্ট | সমষ্টি | মিটার | ১ | ৪৭৫০ | ৫০৩৯ | ৪৫০০ | ৪০০০ | ৩০০০ | ২৫০০ | ৪৩৫২.৪০ | |
| | [১.৮.২] পুনঃনির্মিত সেতু ও কালভার্ট | সমষ্টি | মিটার | ১ | ৩২৫০ | ৩৩৮২ | ৩০০০ | ২৫০০ | ২০০০ | ১৫০০ | ২৮৫৩.৪৫ | |

**আলোচনা:** উক্ত দু'টি সূচকে কার্যক্রম আশানুরূপ গতিতে চলমান রয়েছে এবং নির্দিষ্ট সময়ের পূর্বেই লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে এপিএ টিম লিডার, সওজ অধিদপ্তর সভাকে অবহিত করেন।

**সিদ্ধান্ত-৪:** উল্লিখিত সূচকগুলো বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অধিকতর আন্তরিকভাবে কাজ করতে হবে। একইসাথে যে সকল সড়ক বিভাগে উক্ত সূচক দু'টি লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন হয়নি সে সেকল সড়ক বিভাগের তালিকা আগামী ১২/০৬/২০২২ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নকারী:** প্রধান প্রকৌশলী ও এপিএ টিম লিডার, সওজ অধিদপ্তর।

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [২.৪] ব্ল্যাকস্পট চিহ্নিতকরণ এবং প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ। | [২.৪.১] ইনফরমেটরি ও রেগুলেটরি সাইন-সিগন্যাল ও কিঃমিঃ পোস্ট স্থাপন। | সমষ্টি | সংখ্যা | ১ | ৮০০০ | ৯০০০ | ৮৫০০ | ৮০০০ | ৭৮০০ | ৭৫০০ | ৭৪১৩.০০ | |
| | [২.৪.২] রোড মার্কিংকৃত মহাসড়ক | সমষ্টি | কিমি | ১ | ১৫০০ | ১৭৫০ | ১৬৫০ | ১৬০০ | ১৫৫০ | ১৫০০ | ১১৭৮.৬৬ | |

**আলোচনা:** উক্ত দু'টি সূচকে কার্যক্রম আশানুরূপ গতিতে চলমান রয়েছে এবং নির্দিষ্ট সময়ের পূর্বেই লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে এপিএ টিম লিডার, সওজ অধিদপ্তর সভায় অবহিত করেন।

**সিদ্ধান্ত-৫:** উল্লিখিত সূচক দু'টির অগ্রগতি সড়ক বিভাগ ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১২/০৬/২০২২ তারিখের মধ্যে এ বিভাগের প্রেরণ করতে হবে এবং এ সূচকসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অধিকতর আন্তরিকভাবে কাজ করে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নকারী:** প্রধান প্রকৌশলী ও এপিএ টিম লিডার, সওজ অধিদপ্তর।

## দপ্তর/সংস্থার নামঃ বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | সূচকের মান | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | মে,২০২২ পর্যন্ত অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ২০২০-২১ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| [২.১] পেশাদার চালকদের রিফ্রেশার প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত রিফ্রেশার পেশাদার চালক | সমষ্টি | সংখ্যা (হাজার) | ২ | ৮০ | ৬০ | ৫৮ | ৫৫ | ৫২ | ৫০ | ৫৫,১৩০ | |

**আলোচনা:** ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিএ বলেন, সারা দেশের বিভিন্ন বিআরটিএ কার্যালয়ে পেশাদার চালকদের রিফ্রেশার্স প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এ সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত আছে মর্মে উল্লেখ করেন।

**সিদ্ধান্ত-৬:** সারা দেশের সকল সার্কেলে বিশেষ সেশন পরিচালনার মাধ্যমে এ সূচকের বিপরীতে নির্ধারিত অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নকারী:** চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)।

## দপ্তর/সংস্থার নামঃ বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | মে,২০২২ পর্যন্ত অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| [৪.১] বিআরটিসি'র বাস ও ট্রাক বহরের মাধ্যমে যাত্রী ও পণ্য পরিবহন | [৪.১.১] পরিবহনকৃত যাত্রী | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ২ | ৫০০ | ৫০০ | ৪৯৫ | ৪৯০ | ৪৮৫ | ৪৮০ | ৪৬৪.৭৮ | |

**আলোচনা:** এ সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে পিছিয়ে থাকার বিষয়ে জানতে চাওয়া হলে এপিএ টিম লিডার, বিআরটিসি বলেন, বর্তমানে বিআরটিসির সকল রুটে নিয়মিত যাত্রীবাহী বাস চলাচল করছে। গত অর্থবছরের ন্যায় চলতি অর্থবছরের শুরুতে করোনা মহামারীর কারণে বিধি-নিষেধ থাকায় অগ্রগতি কিছুটা শ্লথ ছিল। তবে বর্তমান পরিস্থিতি স্বাভাবিক থাকায় কাঙ্খিত যাত্রী পরিবহনের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

**সিদ্ধান্ত-৭:** বিআরটিসির যাত্রীবাহী বাস চলাচল অব্যাহত রেখে এ সূচকে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

**বাস্তবায়নকারী:** চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)

## দপ্তর/সংস্থার নামঃ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | সূচকের মান | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | মে,২০২২ পর্যন্ত অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ২০২০-২১ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| [৩.১] Mass Rapid Transit (Line-6) নির্মাণ | [৩.১.১] Mass Rapid Transit (Line-6) নির্মিত | ক্রমপুঞ্জিভূত | শতাংশ | ২ | ৭৫ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৮ | ৭৬ | ৮০.১০ | |

**আলোচনা:** এ সূচকে নির্ধারিত অসাধারণ লক্ষ্যমাত্রার চেয়ে বাস্তবায়ন অগ্রগতি অনেক পিছিয়ে থাকার বিষয়ে জানতে চাইলে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডিএমটিসিএল বলেন, সর্বোচ্চ আন্তরিকতার সাথে প্রচেষ্টা অব্যাহত রাখা সত্ত্বেও কিছু সীমাবদ্ধতার কারণে এ সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব না হলেও অতি উত্তম লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত জোরালো চেষ্টা অব্যাহত রয়েছে।

**সিদ্ধান্ত-৮:** এ সূচকে সর্বোচ্চ অর্জন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করেত হবে।

**বাস্তবায়নকারী:** ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) ও প্রকল্প পরিচালক, Mass Rapid Transit (Line-6), ডিএমটিসিএল।

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [৩.২] Mass Rapid Transit (Line-1) নির্মাণ | [৩.২.২] নির্মাণ কাজ তত্ত্বাবধায়নের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগকৃত | তারিখ | তারিখ | ১ | - | ৩১.০৫.২২ | ১০.০৬.২২ | ২০.০৬.২২ | ২৫.০৬.২২ | ৩০.০৬.২২ | ৯০% | |
| | [৩.২.৩] ডিপোর ভূমি উন্নয়নের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান নিয়োগকৃত | তারিখ | তারিখ | ১ | | ৩১.০৫.২২ | ১০.০৬.২২ | ২০.০৬.২২ | ২৫.০৬.২২ | ৩০.০৬.২২ | ৯০% | |

**আলোচনা:** উল্লিখিত সূচক দু'টি অসাধারণ লক্ষ্যমাত্রায় নিধারিত তারিখ অতিক্রান্ত হওয়ায় সভাপতি কর্তৃক অসন্তোষ প্রকাশ করা হয়। এ বিষয়ে জানতে চাইলে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডিএমটিসিএল বলেন, উক্ত সূচকগুলো বাস্তবায়নের সাথে জাইকার মতামত গ্রহণের বিষয়টি জড়িত। সাম্প্রতিককালে জাইকা হতে মতামত পেতে পূর্বের তুলনায় বেশি সময় লাগছে বলে উল্লেখ করে তিনি বলেন মূলত জাইকা হতে মতামত প্রাপ্তিতে বেশি সময় লাগায় এ সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি। এ সূচকে নূন্যতম লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জোর তৎপরতা অব্যাহত রয়েছে।

**সিদ্ধান্ত-৯:** এ সূচকদ্বয়ে নূন্যতম লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে কাজ করতে হবে।

**বাস্তবায়নকারী:** ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) ও প্রকল্প পরিচালক, Mass Rapid Transit (Line-1), ডিএমটিসিএল।

## মন্ত্রণালয়/বিভাগের নামঃ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | মে,২০২২ পর্যন্ত অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| [৪.২] উন্নয়ন কার্যক্রম তদারকি | [৪.২.১] মনিটরিং টিমের ভিজিট | সমষ্টি | সংখ্যা | ২ | ১০০ | ৬০ | ৫৬ | ৫২ | ৫০ | ৪৮ | ৫১ | |

**আলোচনা:** এ বিষয়ে এ বিভাগের সিনিয়র সহকারী সচিব (অডিট) বলেন, এ বিভাগের উন্নয়ন কার্যক্রম তদারকির লক্ষ্যে গঠিত মনিটরিং টিমের সদস্যগণ কর্তৃক ৫১ টি উন্নয়ন কার্যক্রম পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করা হয়েছে। অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে চলতি মাসে আরও ০৯ টি উন্নয়ন কার্যক্রম পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।

**সিদ্ধান্ত-১০:** সাপ্তাহিক ছুটির দিনে মনিটরিং টিমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের আওতাধীন এলাকা পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন জমা দিতে হবে এবং এ সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নকারী:** মনিটরিং টিম প্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [৫.২] টোল প্লাজায় ইলেকট্রিক টোল কালেকশন (ETC) সিস্টেম চালু | [৫.২.১] চালুকৃত ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) সিস্টেম | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ৩ | ২ | ১ | | | ২ | |

**আলোচনা:** এ বিষয়ে জানতে চাইলে এ বিভাগের উপসচিব (টোল ও এক্সেল) বলেন, এ পর্যন্ত ০২ টি টোল প্লাজায় ETC চালু করা হয়েছে। আগামী ৩০ জুন,২০২২ এর মধ্যে ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে ETC চালু করা গেলে এ সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জিত হবে।

**সিদ্ধান্ত-১১:** এ সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নকারী:** প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর ও উপসচিব (টোল ও এক্সেল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

পরিশেষে চলতি ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়নে সর্বোচ্চ নম্বর প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে এ বিভাগের সংশ্লিষ্ট সকল কে আন্তরিকভাবে কাজ করার জন্য সভাপতি কর্তৃক তাগিদ প্রদান করা হয়। আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সকলকে আবারও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**স্বাক্ষরিত/-**
**এ বি এম আমিন উল্লাহ নুরী**
সচিব

নং-৩৫.০০.০০০০.০৪৯.১৬.০০১.২১-৮৭

তারিখ: ০১ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
১৫ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
২. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, দক্ষিণ নগর ভবন, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, প্রবাসী কল্যান ভবন (লেভেল-১৪) ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, হাউজ নং-৪, রোড নং-২১, সেক্টরঃ ৪, উত্তরা, ঢাকা-১২৩০।
৭. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৮. যুগ্মসচিব, পরিকল্পনা ও পরিসংখ্যান অধিশাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ [সিদ্ধান্ত-৩ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৯. প্রকল্প পরিচালক, ক্রস বর্ডার প্রকল্পের আওতায় বাস্তবায়িত কালনা সেতু, সওজ অধিদপ্তর [সিদ্ধান্ত-৩ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১০. যুগ্মসচিব (ডিএফডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১১. প্রকল্প পরিচালক, Mass Rapid Transit (Line-6) প্রকল্প, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটিড (ডিএমটিসিএল) [সিদ্ধান্ত-৮ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১২. প্রকল্প পরিচালক, Mass Rapid Transit (Line-1) প্রকল্প, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটিড (ডিএমটিসিএল) [সিদ্ধান্ত-৯ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৩. মনিটরিং টিম প্রধান (সকল),সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ [সিদ্ধান্ত-১০ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. এপিএ টিম লিডার/ফোকাল পয়েন্ট, সওজ অধিদপ্তর/ডিটিসিএ/বিআরটিএ/বিআরটিসি/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১৬. উপসচিব (জিএফডিপি-ইস্ট, বিআরটিএ, আইন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৭. উপসচিব (টোল ও এক্সেল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ [সিদ্ধান্ত-১১ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৯. সিনিয়র সহকারী সচিব (কার্যক্রম ও এডিপি, অডিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
২০. অফিস কপি।

১৫.০৬.২০২২

(মুহাম্মদ আব্দুর রহিম সুজন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৫৫৫২৮
ই-মেইল: dsaudit@rthd.gov.bd